যুগান্তর

তারিখ ২০ SEP 2017
পৃষ্ঠা ৩ কলাম ৫

# পাঠ্যবই মুদ্রাকরদের ধর্মঘট অব্যাহত

যুগান্তর রিপোর্ট

টেন্ডারের শর্ত অনুযায়ী কার্যাদেশ প্রদানসহ বিভিন্ন দাবিতে পাঠ্যবই মুদ্রাকরদের ডাকা ধর্মঘট অব্যাহত আছে। মঙ্গলবার কোনো প্রেসে আগামী বছরের বই ছাপা হয়নি। ছাপানো বই বাঁধাই বা সরবরাহও করা হয়নি।

মুদ্রণ শিল্প সমিতি সোমবার বিকালে এ ধর্মঘট ডাকে। ওইদিন রাত থেকে মূলত বই মুদ্রণের সব ধরনের কাজ বন্ধ আছে। কিন্তু মঙ্গলবার বিকালে এ রিপোর্ট লেখাকালে ধর্মঘট প্রত্যাহারে আনুষ্ঠানিক কোনো পদক্ষেপ নেয়া হয়নি বলে জানা গেছে। শুধু তাই নয়, কবে নাগাদ প্রেসের চাকা ঘুরবে সে কথা কেউই বলতে পারছেন না।

এ ব্যাপারে মুদ্রণ শিল্প সমিতির সভাপতি তোফায়েল খান মঙ্গলবার বিকালে যুগান্তরকে বলেন, এনসিটিবিকে (পাঠ্যপুস্তক বোর্ড) আমরা সুনির্দিষ্টভাবে জানিয়ে দিয়েছি।

## পাঠ্যবই মুদ্রাকরদের

(৩য় পৃষ্ঠার পর)

দাবির ব্যাপারে ইতিবাচক সাড়া না দেয়া পর্যন্ত ধর্মঘট চলবে।

নতুন শিক্ষাবর্ষ শুরু হতে আর মাত্র সাড়ে তিন মাস বাকি। আগামী বছরের জন্য ৩৫ কোটি ১৩ লাখ ২৬ হাজার ২০৭টি বই ছাপা হচ্ছে। এনসিটিবি বলছে, এর মধ্যে ২৫ ভাগ বা ৯ কোটি বই সরবরাহ হয়েছে। তবে মুদ্রাকররা বলছেন, ৬ কোটি বই সরবরাহের ছাড়পত্র দিয়েছে। এর সব সরবরাহ হয়নি।

সংশ্লিষ্টরা বলছেন, ১ জানুয়ারি শিশুদের হাতে বই পৌঁছাতে হলে যে সময় আছে তাতে প্রতিদিন গড়ে ২৯ লাখের বেশি বই পাঠাতে হবে। কিন্তু এনসিটিবি এখনও অর্ধেকের মতো বইয়ের টেন্ডারই শেষ করেনি। এমন পরিস্থিতিতে মুদ্রণকারীদের এ ধর্মঘটে আগামী বছরের বিনামূল্যের পাঠ্যবই যথাসময়ে পৌঁছানো নিয়ে অনিশ্চয়তা তৈরি হল বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

এনসিটিবি চেয়ারম্যান অধ্যাপক নারায়ণ চন্দ্র সাহা মঙ্গলবারও মুদ্রণকারীদের এ ধর্মঘটকে রাষ্ট্রবিরোধী

কাজ হিসেবে উল্লেখ করে বলেন, তাদের কার্যক্রম রাষ্ট্রের বিরুদ্ধে যাচ্ছে। মুদ্রণকারীরা নিজেদের স্বার্থে বিভিন্ন বিষয়ে বেআইনি দাবি ও শর্ত দিয়েছেন। সরকারি ক্রয় আইন (পিপিআর) অনুযায়ী তা মানা যায় না।

মুদ্রণকারীদের দাবির মধ্যে আছে, পিপিআর ও টেন্ডার শর্ত মেনে মুদ্রণ প্রতিষ্ঠান বাছাই, শর্ত লংঘন করা প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেয়া, ভুল সিডি দেয়ায় নষ্ট হওয়া সময় হিসাব থেকে বাদ দিয়ে বই সরবরাহের শেষদিন ধরা ইত্যাদি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............
তারিখ.............

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর